## জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৮.০৭.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ০২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জুন ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুন ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জুন ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।



ASMA - Bibith

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আমন মৌসুম চলমান। লাইন, লোগো পার্সিং করতে পারলে পোকার আক্রমণ কমবে। জিপসান বিঘা প্রতি ১০ কেজি ব্যবহার করা হলে হলুদভাব কেটে যাবে। ৫ কেজি পটাসিয়াম দিলে উপকার হবে। পানি জমে থাকলে পানি বের করে দিতে হবে। এতেও পোকার উপদ্রব কমবে। এ মৌসুমে সতর্ক থাকতে হবে কারণ এ সময় পোকার আক্রমন বেশী হয়। সারের সংকট রয়েছে। ১৯ মেঃটন প্রয়োজন পাওয়া গেছে মাত্র ৩ মেঃটন। তবে আশা করা যায় আগামী মাসে সংকট থাকবে না। গাছের চারা বিতরণ শেষ হয়েছে কি-না উপজেলা নির্বাহী অফিসার জানতে চাইলে তিনি জানান যে, অল্প অবশিষ্ট রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নিজস্ব অর্থায়নে ডায়াবেটিক ঔষধ কেনার নির্দেনা রয়েছে। টাইফয়েডের টিকা দেয়া হবে ৯ মাস হতে ১৪ বছর ১১ মাস ২৯ দিন বয়সী শিশুদের। ক্যাম্পেইন করা হবে। এটি একটি বড় আয়োজন। টাইফয়েডের টিকা দেয়ার জন্য শিশুদের জন্ম সনদ লাগবে। ৯ মাস থেকে ৪ বছর বয়সী শিশুদের জন্ম সনদ সমস্যা। যতদ্রুত জন্ম সনদ দেয়া হবে ততদ্রু টিকা দেয়া সহজ হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজন। শিশুদের জন্ম নিতে পিতামাতার জন্ম সনদ প্রয়োজন হওয়ায় শিশুদের জন্ম সনদ পেতে দেরী হচ্ছে। তিনি শিশুদের জন্ম সনদ প্রদানের জন্য অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভেটেরিনারি সার্জন ফাউন্ডেশন ট্রেনিং এ আছেন। তার দায়িত্বও পালন করতে হচ্ছে। তিনি আরও জানান যে, লাম্পি স্কিন ডিজিজের ২৫ মাত্রার ভ্যাকসিন পরীক্ষামূলক দেয়া হবে। তবে জানুয়ারি ও ফেব্রুয়ারি ২০২৬ থেকে ব্যাপকভাবে দেয়া হবে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর গবাদিপশুর ঔষধের দোকানগুলো পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে জুলাই ২০২৫ মাসের তথ্য উপস্থাপন করা হয়। ২৭৯৭টি গবাদি প্রাণির এবং ১৪১২৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে কোন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৩১২ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫২টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ০০ মাত্রা। এ মাসে ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়েছে। ২টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে গবাদিপ্রাণি ও হাঁসমুরগীর টিকা প্রাপ্তিঃ জুলাই ২০২৫ মাসে (১) তড়কা-০০ মাত্রা, (২) বাদলা-০০ মাত্রা, (৩) গলাফুলা-৮০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৩০০০০০ মাত্রা, (৫) আরডিবি-৫০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-১০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-১৫০০ মাত্রা, (৮) গট পক্স-০০ মাত্রা, (৯) গামবোরো-৪০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-২০০০০ মাত্রা, (১১) ক্ষুরা-৩২০ মাত্রা, (১২) ছাগ বসন্ত-১০০০ মাত্রা এবং (১৩) লাম্পি স্কিন ডিজিজ-২৫ মাত্রা। সর্বমোট=৩৮৭৬৪৫ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মুকুন্দপুর ও কাটলা ইউনিয়নে পুকুরের জরিপের কাজ শেষ হয়েছে। মৎস্য সপ্তাহ উদযাপনের কার্যক্রম আপাততঃ বন্ধ রয়েছে। তারিখ নির্ধারিত হয়নি। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা পরিষদের পুকুরের মাছের পোনা ছাড়ার উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপজেলা প্রশাসন তথা উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর মহোদয়ের আন্তরিক সহযোগিতায় বকেয়া বিদ্যুৎ বিল অনেক আদায় হয়েছে। আলাদা আলাদা পত্র প্রদান করায় দাপ্তরিক বিদ্যুৎ বিলগুলো পরিশোধ করা তাদের জন্য সহজ হয়েছে। এখনও কারও কারও ৫/৬ মাসর বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। তবে আনসার ব্যারাকের শুরু থেকে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। যেহেতু ব্যারাকটি নতুন তাই বরাদ্দ আনতে কোন সহযোগিতার প্রয়োজন হলে তারা সার্বিক সহযোগিতা করবেন। বকেয়া বিদ্যুৎ আদায়ে সার্বিক সহযোগিতা করার | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুর দাপ্তরিক কাজে ব্যস্ত থাকায় তার প্রতিনিধি জনাব মমতাজুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, ৯টি বিদ্যালয়ের মধ্যে ৭ বিদালয়ের কাজ শেষ হয়েছে অপর ২টির কাজ শেষ হয়নি। পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য চাহিত তথ্য সব দপ্তর থেকে পাওয়া যায়নি। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। তিনি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য দ্রুত তথ্য দেয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, নতুন প্রশাসনিক ভবন নির্মাণস্থলে গাছ লাগানো হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে মর্মে সভায় উল্লেখ করেন। উপজেলা নির্বাহী অফিসার কৃষি বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন স্থানটি দেখিয়ে দেয়ার জন্য অনুরোধ করেন। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। ২/১ দিনের মধ্যে কাজ শেষ হবে বলে তিনি অবহিত করেন। উপজেরা নির্বাহী অফিসার, বিরামপুর অসমাপ্ত কাজ দ্রুত শেষ করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। চুরির কারণে ট্রান্সফরমার খুলে রাখা হয়েছে। তবে ৭৬টি খোলা হয়নি। সেচের লাইসেন্স নবায়নের আবেদন রয়েছে। বড় ধরনের কোন ইস্যু নাই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। থানায় যাতায়াতের রাস্তায় পানি জমে থাকার কারণে চলাচলে সমস্যা হচ্ছে। দ্রুত রাস্তার কাজটি সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। মাইলস্টোন স্কুলে দূর্ঘটনার শোকের কারণে ২৪ জুলাই ২০২৫ এর পরিবর্তে ৩১ জুলাই ২০২৫ তারিখে জুলাই বিপ্লব নিয়ে সাস্কৃতিক অনুষ্ঠান হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রতিটি প্রতিষ্ঠানে দেয়ালিকা, উপস্থিত বক্তৃতা ইত্যাদি অনুষ্ঠান আয়োজনের জন্য ৫,০০০/-(পাঁচহাজার) টাকা বরাদ্দ রয়েছে। অনুষ্ঠান শেষে প্রতিবেদন দেয়া হবে। তিনি আরও জানান যে, মেধা বৃত্তি দেয়া হচ্ছে। ২০২২ ও ২০২৩ সালে যারা মাধ্যমিক, দাখিল, ভোকেশনাল, উচ্চ মাধ্যমিক, আলিম ও ভোকেশনাল পর্যায়ে সর্বোচ্চ নম্বর পেয়েছে তাদের পুরস্কৃত করা হবে। মাধ্যমিক পর্যায়ে প্রতিজন শিক্ষার্থী ১০,০০০/-(দশহাজার) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিজন শিক্ষার্থী ২৫,০০০/-(পঁচিশহাজার) টাকা করে পাবে। তবে এটি সরাসরি তাদের ব্যাংক হিসাবে প্রদান করা হবে। যারা যে শিক্ষা বোর্ডের অধীন সে শিক্ষা বোর্ডে Online এ আবেদন করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলমান কোন কার্যক্রম নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ প্রদান করা হয়েছে ২২.০০ (বাইশলক্ষ) এবং আদায় হয়েছে ২১.৯৩ লক্ষ। আদায়ের হার ৯৩%. | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, VWB এর চূড়ান্ত তালিকা প্রস্তুত হয়েছে। প্রতিটি ইউনিয়নে তালিকা টানানো হয়েছে। পলিপ্রয়াগপুর ইউনিয়ন হতে অভিযোগ পাওয়া গেছে। কার্ডে স্বাক্ষর নিতে হবে। প্রত্যয়নসহ তালিকা দেয়ার জন্য তিনি ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, কারও কোন সমস্যা থাকলে তা জানানোর জন্য তিনি অনুরোধ করেন। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর গাছ ক্রয় ও লাগানোর জন্য ভ্যাট ও আয়কর কত কাটতে হবে তা জানানোর জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর মাতৃত্বকালিন ছুটিতে আছেন। এ উপজেলায় উপজেলা আইসিটি কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুরকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। কিন্তু আজকের সভায় তিনি উপস্থিত নেই। ফলে উক্ত দপ্তর সম্পর্কীয় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে পৌরসভার কাজ ভাল হচ্ছে। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বিভিন্ন জায়গায় মসজিদ নির্মাণের জন্য ১০,০০,০০০/-(দশলক্ষ) টাকার কাজ শুরু করে ৫,০০,০০০/-(পাঁচলক্ষ) টাকার কাজ করে লোক পালিয়ে যাচ্ছে। এ বিষয়ে তিনি সতর্ক থাকার অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, জন্ম নিবন্ধনের হার এ উপজেলায় কম। তাই তৎপরতা বৃদ্ধি করতে হবে। লক্ষ্যমাত্রা ৭২%. সন্তান জন্ম গ্রহণের পর পর জানার চেষ্টা করতে হবে এবং তাৎক্ষনিক জন্ম নিবন্ধন করলে লক্ষ্যমাত্রা অর্জন সহজ হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। বিনাইল ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব জোরদার করার লক্ষ্যে সরঞ্জামাদি ক্রয়ে আর্থিক সহায়তা প্রদান করায় তিনি উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুরকে ধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থবছরে সকল ইউনিয়ন পরিষদে নলকূপ স্থাপন শেষ হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে এখনও বরাদ্দ পাওয়া যায়নি। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে কাজ শেষ হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে এখনও বরাদ্দ পাওয়া যায়নি। ২০২৪-২০২৫ অর্থ বছরের টিন এসেছে। গুরুত্বপূর্ণ স্থানে ব্রীজ নির্মাণ করা হলে সেখানে সংযোগ সড়ক দেয়া যাবে কি-না তা জানতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, অডিট শুরু হয়ে যা চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭ বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৯ উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে। উপজেলা রিসোর্স সেন্টারের নাম পরিবর্তন করে উপজেলা প্রাইমারী ইডুকেশন ট্রেনিং সেন্টার নাম রাখা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০ পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়াগেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২ তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩ Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, এ মুহূর্তে কোন কাজ নেই। ২০২৬ সালে কাজ শেষ হতে পারে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪ খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫ আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬ ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।তিনি আরও জানান যে, সকলের সার্বিক সহযোগিতায় ইউনিয়ন পরিষদ ভবনের মূল গেট নির্মাণের কাজ প্রায় শেষের পথে। গেটটি নির্মাণে ১০,০০,০০০/-(দশলক্ষ) টাকা লাগবে। এ পর্যন্ত পেয়েছেন ৬,০০,০০০/-(ছয়লক্ষ) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর নির্মাণ কাজ শেষ হলে গেটটি জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়কে দিয়ে উদ্বোধনের করা হবে মর্মে সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গিলা গাছের জন্য খুব সমস্যা হচ্ছে। এটি জরুরীভিত্তিতে ঘেরা প্রয়োজন। হরিরামপুরে ব্রীজ ভেঙ্গে যাওয়া জনসাধারণের চলাচলে খুব সমস্যা হয়েছে। জরুরীভিত্তিতে ব্রীজটি নির্মাণ/মেরামত করা প্রয়োজন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫ বিবিধ | | | |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জুন/২০২৫ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর জুন/২৫ মাসের ২২দিনের দৈনিক ৫৫০/-টাকা হারে মজুরী বাবদ প্রদান =(১২,১০০+১২,১০০=২৪,২০০/-) | =২৪,২০০/- |
| ০২ | জুন/২০২৫ আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) এবং ডিসেম্বর ২০২৪ হতে মে ২০২৫ পর্যন্ত আনুষঙ্গিক ব্যয় বাবদ প্রদান | =৫৬,৮৮০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর,দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

28/09/25

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd



ASMA - Bibith

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

তারিখঃ ১০.০৮.২০২৫ খ্রি.

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৫৪৪/১(৪৫)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।

০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।

০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৭. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

০৮. চেয়ারম্যান, ............................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

০৯. জনাব ............................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

10/08/25

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd



ASMA - Bibith